গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বুড়িচং, কুমিল্লা

# নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ইসলামিক সাংস্কৃতিক পরিচালনা নীতিমালা-২০২১ অনুযায়ী "প্রতিটি জেলা ও উপজেলায় ১ টি করে ৩৬০ টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্প এর অধীন কুমিল্লা জেলার বুড়িচং উপজেলায় মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নিম্নোক্ত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য জনবল নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রার্থীগণের নিকট হইতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদন ফরম বুড়িচং উপজেলা প্রশাসনের ওয়েবসাইট (www.burichang.comilla.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে।

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | মাসিক সম্মানী (সর্বসাকুল্যে) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১. | পেশ ইমাম | ০১(এক) জন | ১৫,০০০/- (পনের হাজার)টাকা | (ক) দ্বিতীয় শ্রেণীর কামিল ডিগ্রী/ দাওয়ারে হাদিস পাস। কোন প্রতিষ্ঠানের খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফিজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত হাফিজ-ই কোরআন অগ্রাধীকার পাবেন। (গ) আরবিতে কথা ও উপস্থাপিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০২. | মুয়াজ্জিন | ০১(এক) জন | ১০,০০০/- (দশ হাজার )টাকা | (ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড অথবা প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত হাফিজ-ই-কোরআন অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৩. | খাদিম | ০২(দুই) জন | ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত)টাকা | (ক) দ্বিতীয় শ্রেণীর আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে সনদধারী। (খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসাবে ০১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

শর্তাবলী :

(১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
(২) আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) শিক্ষাগত যোগ্যতা (ঝ) অভিজ্ঞতা এবং মোবাইল নাম্বার সহ অন্যান্য তথ্যাদি উল্লেখপূর্বক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
(৩) আবেদনপত্র আগামী ১২/৪/২০২৩ খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সংস্কৃতিক কেন্দ্রে জনবল নিয়োগ কমিটি বুড়িচং, কুমিল্লা বরাবর অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি পৌছতে হবে। খামের উপর স্পষ্টভাবে পদের নাম লিখতে হবে।
(৪) আবেদনকারীর বয়স ১২/০৪/২০২৩ খ্রি. তারিখে ১নং পদের জন্য অনূর্ধ্ব ৪৫ (পঁয়তাল্লিশ) বছর এবং অন্যান্য পদের জন্য ১৮ হতে ৩০ বছর হতে হবে। বীর মুক্তিযোদ্ধার সন্তানদের/পোষ্যদের ক্ষেত্রে বয়স ৩২ বছর/ সর্বশেষ নীতিমালা অনুযায়ী। অসম্পূর্ণ/ ত্রুটিযুক্ত আবেদন এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
(৫)আবেদনপত্রের সাথে বর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) পৌরসভা বা ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। (খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন ছবি। (গ)প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের মূল কপি। (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি। (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদের ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি।
(৬) কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করেন তাহলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।
(৭) প্রার্থীকে লিখিত মৌখিক পরীক্ষা অংশগ্রহণ করতে হবে। পরীক্ষা অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

চলমান পাতা-০২

CamScanner

(৮) নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।

(৯) আবেদনকারীকে আবেদনপত্রের সাথে পেশ ইমাম ও মোয়াজ্জিন পদের ক্ষেত্রে ১০০০/- (এক হাজার) টাকা এবং খাদেম পদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) যে কোন তফসিলিভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, বুড়িচং, কুমিল্লা বরাবর দাখিল করতে হবে।

(১০) এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কেউ আবেদন করতে পারবে না। মসজিদে দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করে এমন কোন চাকুরিতে নিয়োজিত ব্যাক্তি আবেদন করতে পারবে না।

(১১) কোন তথ্য গোপন করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১২) প্রার্থীকে আগামী ১৬.০৪.২০২৩ তারিখ সকাল ১১ ঘটিকায় বুড়িচং আনন্দ পাইলট সরকারি উচ্চ বিদ্যালয়, বুড়িচং, কুমিল্লা কেন্দ্রে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(১৩) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে একই দিনে অর্থাৎ আগামী ১৬.০৪.২০২৩ তারিখ বিকাল ০৩.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বুড়িচং, কুমিল্লায় মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

(১৪) আবেদনপত্র গ্রহণ, বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন, পরিমার্জন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

০৫/০৪/২৩

সাহিদা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে
জনবল নিয়োগ কমিটি, বুড়িচং, কুমিল্লা।

স্মারক নম্বর: ০৫.৪২.১৯১৮.০০০.৪১.০০১.২৩- ৪৭৬ তারিখ: ০৫.০৪.২০২৩ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল- (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় সংসদ সদস্য, কুমিল্লা-০৫
২. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
৩. জেলা প্রশাসক, কুমিল্লা
৪. পুলিশ সুপার, কুমিল্লা
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা
৬. সহকারী কমিশনার (ভূমি), বুড়িচং, কুমিল্লা
৭. ভাইস চেয়ারম্যান /মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বুড়িচং, কুমিল্লা
৮. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, কুমিল্লা
৯. উপজেলা.........................................কর্মকর্তা (সকল),বুড়িচং ,কুমিল্লা
১০.অফিসার ইনচার্জ, বুড়িচং থানা, কুমিল্লা।
১১.অধ্যক্ষ/ প্রধান শিক্ষক..............................................কলেজ/ মাদ্রাসা /উচ্চ বিদ্যালয়, বুড়িচং, কুমিল্লা
১২.চেয়্যারম্যান.................................................... ইউনিয়ন পরিষদ (সকল), বুড়িচং, কুমিল্লা।
১৩.ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বুড়িচং, কুমিল্লা। বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৪.জনাব.................................................................................. বুড়িচং,কুমিল্লা।
১৫.সভাপতি, প্রেসক্লাব, বুড়িচং, কুমিল্লা ।
১৬.অফিস কপি।

০৫/০৪/২৩

সাহিদা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে
জনবল নিয়োগ কমিটি, বুড়িচং, কুমিল্লা।

CamScanner